দৈনিক ইত্তেফাক

২২৬

তারিখ ... OCT. 30 1999 ... ...
পৃষ্ঠা ৫ কলাম ৩

# মিছিলে পুলিশের হামলার প্রতিবাদে আজ সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রদলের বিক্ষোভ সমাবেশ

প্রেস বিজ্ঞপ্তি ঃ শেখ হাসিনা সরকারের পদত্যাগের দাবীতে গত বৃহস্পতিবার ছাত্রদলের মিছিলে পুলিশের হামলার প্রতিবাদ ও গ্রেফতারকৃতদের মুক্তির দাবীতে ছাত্রদল আজ (শনিবার) দেশব্যাপী সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিক্ষোভ সমাবেশে কর্মসূচী দিয়েছে। এছাড়া শেখ হাসিনা সরকারের পতনের একদফা দাবীতে ছাত্রদল দেশের সবক'টি বিভাগে ছাত্র সমাবেশ করবে। সে অনুযায়ী ৪ নভেম্বর বৃহস্পতিবার চট্টগ্রাম বিভাগে, ১৫ নভেম্বর সোমবার রাজশাহী বিভাগে, ১৮ নভেম্বর বৃহস্পতিবার বরিশাল বিভাগে, ২২ নভেম্বর সোমবার খুলনা বিভাগে, ২৫ নভেম্বর, বৃহস্পতিবার ঢাকা বিভাগে এবং ২৭ নভেম্বর শনিবার সিলেট বিভাগে ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হবে।